# 374033 - লাভ নর্িধারণ না করে অনলাইন মার্কটেে বনিয়িোগ করার হুকুম

প্রশ্ন

আমি জার্মানতিে থাকি। একটি ইলক্ে্ট্রনকি মার্কটেংি ও বচোকনোর ওয়বেসাইটে আমি যে কোন ব্যক্তরি বনিয়িোগ করার ফচিার পয়েছে।ি তা এভাবে একটি টাকার অংক পাঠানো এবং এর বপিরীতে লাভ পাওয়া। উল্লখ্যে, এখানে লাভরে পরমিাণ সুনর্দিষ্টি কোন অংকে নর্িধারতি নয়। আমি সইে ওয়বেসাইটে পড়ছেি য,ে প্রাপ্য পার্সন্টেজি ১০% থকেে ৫০% পর্যন্ত হতে পার।ে উদাহরণতঃ আমি যদি ওয়বেসাইটরে একাউন্টে ১০০ ডলার পাঠাই, পররে দনি ওয়বেসাইট কর্তৃপক্ষ আমাকে ক্রয়কৃত ও বক্িরকি্ত পোশাকাদি ও স্পোর্টস সামগ্রীর তালকাি বক্িরমিূল্য ও লাভরে পরমিাণ উল্লখেসহ পাঠাবে এবং এগুলোতে আমার লাভরে অংশ হসিাব করে আমার একাউন্টে যোগ করব।ে এই প্রক্রয়িা প্রাত্যহকি ঘট।ে আমি পর্যবক্ষেণ করছেি যে, আমার বন্ধুদরে লাভ ১০% এর কাছাকাছ;ি তবে স্থতিশীল নয়। বরঞ্চ বচোবক্রিরি অনুপাত।ে প্রাপ্য এই পার্সন্টেজি কি মুনাফা হসিবেে গণ্য হব;ে নাকি সুদ?।

প্রয়ি উত্তর

আলহামদু লল্িলাহ।.

কোন কোম্পানি বা ব্যাংকে বনিয়িোগ বধৈ হওয়ার জন্য নম্িনোক্ত শর্ত প্রযোজ্য:

১। বনিয়িোগরে খাতরে ব্যাপারে অবগত হওয়া যে, এটি বধৈ খাত। কনেনা এমন কোন কোম্পানতিে বনিয়িোগ করা জায়যে নইে যে কোম্পানরি তৎপরতা অজ্ঞাত। হতে পারে কোম্পানি সুদি খাতে বনিয়িোগ কর,ে স্টক এক্সচঞ্জেে বা অন্য কোথাও হারাম লনেদনে কর,ে জুয়ার আসর,ে বা মদরে বারে বনিয়িোগ করে কংিবা হারাম পণ্যরে ব্যবসায় খাটায়।

২। মূলধনরে গ্যারান্টি না দয়ো। অর্থাৎ ব্যবসায় লোকসান হলে কোম্পানি মূলধন ফরেত দয়োর দায় না নয়ো; যদি না এক্ষত্রেে কোম্পানরি কোনে কসুর বা অবহলো না ঘটে এবং কোম্পানইি এই লোকসানরে কারণ না হয়।

কনেনা যদি মূলধনরে গ্যারান্টি দয়ো হয়; তাহলে প্রকৃতপক্ষে এটি ঋণ। আর এর থকেে অতরিক্িত যে মুনাফা আসে সটেি সুদ।

৩। লাভ নর্িধারতি ও উভয়পক্ষরে ঐক্যমত্যপূর্ণ হওয়া। কন্িতু, সইে নর্িধারণ লাভরে সর্বাংশব্যাপী আনুপাতকি হতে হব।ে মূলধনরে থকেে নয়। উদাহরণস্বরূপ বনিয়িোগকারী পাবে এক তৃতীয়াংশ বা অর্ধকে বা লাভরে ২০%; মূলধনরে নয়।

লাভরে অনুপাত অজ্ঞাত হওয়া সঠকি নয়। এমন অজ্ঞতা শরয়িতরে দৃষ্টতিে লনেদনেকে বাতলিকারী।

ইবনে কুদামা (রহঃ) বলেন: মুদারাবা চুক্তি সঠিক হওয়ার শর্ত হল: “শ্রমদাতার প্রাপ্য অংশ নির্ধারণ করা। কেননা শর্ত করার ভিত্তিতে সে এর হককার হয়। তাই শর্ত করা না হলে তার অংশ নির্ধারণ হয় না।”

এরপর তিনি বলেন: “যদি কেউ বলে: মুদারাবা হিসেবে তুমি এটি গ্রহণ কর। লাভের একটি অংশ তুমি পাবে, কিংবা লাভ অংশীদারিত্বমূলক কিংবা কিছু লাভ পাবে কিংবা অংশ বিশেষ পাবে বা ভাগ পাবে; তাহলে সহিহ হবে না। কেননা তা অজ্ঞাত। আর মুদারাবা জ্ঞাত পরিমাণের ভিত্তিতে সহিহ হয় না...।

অংশীদারদ্বয়ের প্রত্যেকের প্রাপ্য লাভ জানার আবশ্যকতার ক্ষেত্রে কোম্পানির হুকুম মুদারাবার হুকুমের ন্যায়।”[আল-মুগনী (৫/২৪-২৭)]

“আপনি বলছেন: আপনি সেই কোম্পানির ওয়েবসাইটে পড়ছেন যে, প্রাপ্য পার্সেন্টেজি ১০% থেকে ৫০% এর মধ্যে হতে পারে: যদি এর দ্বারা লাভের পার্সেন্টেজি উদ্দেশ্য হয় তাহলে অংশ নির্ধারণের জন্য এটি যথেষ্ট নয়। কেননা এরপরও সেটা অজানা রয়ে গেছে। তাই এই ওয়েবসাইটের সাথে লেনদেনে অংশীদার হওয়া হারাম হবে। আর যদি উদ্দেশ্য হয় মূলধনের অনুপাত; তাহলে এটি হারাম হওয়ার ক্ষেত্রে আরও বেশি সুস্পষ্ট। কেননা তখন সেটি সুদি ঋণের ক্ষেত্রে ছলচাতুরি। প্রকৃতপক্ষে এটি কোন অংশীদারিত্ব নয়।”

আল্লাহই সর্বজ্ঞ।